

কুইন্স বরো প্রেসিডেন্ট

পিটার এফ. ভ্যালোন জুনিয়র (Peter F. Vallone Jr.) (D)

হাই, আমি কাউন্সিল মেম্বার Peter F. Vallone Jr. এবং আমি কুইন্স বরো প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ কুইন্স-এর প্রয়োজন এমন একজনকে যিনি সুরক্ষা দিবেন - আমাদের পরিবারগুলির, আমাদের রাস্তাগুলির, আমাদের ব্যবসাগুলির এবং আমাদের সন্তানদের শিক্ষার। নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে জনসাধারণ সুরক্ষা কমিটির প্রধান হিসেবে আমার ১২ বছর ধরে কাজ করার সুযোগ হয়েছিল। আমি Ray Kelly-র সাথে কাজ করে অপরাধমূলক কর্মকাণ্ড ৩৫% হ্রাস করার জন্য কাজ করেছি। দেয়াল লিখন, যৌন অপরাধীদের এবং বন্দুক চোরাচালানকারীদের বিরুদ্ধে কঠোর আইন পাশ করার জন্য আমি অক্লান্তভাবে কাজ করেছি। আমি একমাত্র প্রার্থীর যার কুইন্স-এর জনসাধারণের সুরক্ষা করার ব্যাপারে যেকোনো অভিজ্ঞতা আছে।

নিজে একজন বাড়ির মালিক হিসেবে, আমি জানি প্রত্যেক বছরে কুইন্স-এ একটি বাড়ির মালিক হওয়া আরো কঠিন হয়ে যাচ্ছে। মেজান্য সিটি কাউন্সিল সদস্যদের মধ্যে একমাত্র আমি গতবারের সম্পত্তিকর বাড়ার বিরুদ্ধে ভোট দিয়েছিলাম এবং পানির বিল বাড়ানোর বিরুদ্ধে লড়াইটি সামনের সারি থেকে এগিয়ে নিয়ে গিয়েছি।

এই প্রাথমিক নির্বাচনে হয়তবা আমি একমাত্র ক্ষুদ্র ব্যবসায়ীও। কুইন্স-এ আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলি বরোটির মেরুদণ্ড, বিশেষত আমাদের নতুন অভিবাসী এলাকাগুলিতে, যেজন্যে আমি অপ্রয়োজনীয় বিধিনিষেধ কম করার জন্যে কাজ করেছি যাতে তাঁরা আমাদের অর্থনীতি বিকশিত এবং পরিচালনা করতে পারেন। কর্মসংস্থান সৃষ্টি এবং ব্যবসায় সাহায্য করার জন্যে, আপনার প্রথম প্রয়োজন ব্যবসাকে বোঝা এবং আমার পুরো কর্মজীবন ধরেই কঠোর পরিশ্রমী ব্যবসায়ীদের পক্ষে আমি লড়াই করে চলেছি, শুধুমাত্র নির্বাচনের সময়ে নয়।

এবং শেষ কিন্তু অবশ্যই সর্বশেষ নয়, কুইন্স-এর সরকারী স্কুলগুলির প্রাক্তন দুই কিশোরীর পিতা হিসেবে একটি নিরাপদ পড়াশোনার আবহাওয়া এবং ভালো পড়াশোনার গুরুত্ব কতটা তা আমি জানি। স্কুলগুলিতে সুরক্ষা ক্যামেরা বসানোর আইনটি আমি লিখেছি এবং শিশুদের নিরাপদে স্কুলে আসা-যাওয়ার নিশ্চিত করার জন্য সেলফোন স্কুলে নেয়ার অনুমতির জন্যে আইনটির আমি সমর্থন করেছি। আমি আমাদের জি এন্ড টি কর্মসূচীগুলির জন্যে লড়েছি এবং সেগুলিকে টিকিয়ে রেখেছি, এবং পিতামাতাদের আরো মতামত পাওয়ার জন্যে একজন অভিভাবক হিসেবে, আমি লড়াই চালিয়ে যাবো- আমরা অবহেলিত হওয়া আর মেনে নেব না।

কুইন্স-এর প্রয়োজন একজনের যার আপনাদের জন্যে লড়াই করার সত্যিকার ইতিহাস আছে। ৯ দিনের লোডসেডিং, তুষার ঝড়ে লাঙ্গল ছাড়া, আমাদের রকওয়ে-র বাসিন্দাদের জন্যে পরবর্তী ঝড়ের থেকে এখনই সুরক্ষা দেওয়ার জন্যে - যিনি কন এড, স্পিকার এবং মেয়র সাথে ব্যবস্থা নিয়েছেন - এবং ফল পেয়েছেন। কুইন্স-এর অধিকার এমন একজন বরো প্রেসিডেন্ট পাওয়ার যিনি এইসব এবং আরো অনেক অসুবিধেগুলির ব্যাপারে আমাদের সকলের সাথে থাকবেন। এবং আপনাদের ভোট পেয়ে আমি সন্মানিত বোধ করবো। আপনারা আমার সম্পর্কে আরো বেশি জানতে পারবেন Petervallone.com-এ এবং, ওহ, এবং চলুন আমরা রাখি এটি কুইন্সবরো ব্রীজ। ঈশ্বর আশীর্বাদ করুন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করেছেন।